


## 📃 আস-সাফফাত | As-Saffat | الصيَّافَّات

আয়াতঃ ৩৭:৩

💵 আরবি মূল আয়াত:



## 

আর উপদেশ গ্রন্থ (আসমানী কিতাব) তিলাওয়াতকারীদের; — আল-বায়ান আর যারা (আল্লাহর) যিকর আবৃত্তিতে লিপ্ত, — তাইসিরুল এবং যারা জিকর আবৃত্তিতে মশগুল। — মুজিবুর রহমান

And those who recite the message, — Sahih International

## ৩. আর যারা যিকর আবৃত্তিতে রত-(১)

(১) মুজাহিদ বলেন, এখানে তেলাওয়াতে রত বলে ফেরেশতাদেরকে বোঝানো হয়েছে। আর কাতাদাহ বলেন, এর দ্বারা উদ্দেশ্য, কুরআন থেকে মানুষের ঘটনাবলী ও পূর্ববর্তী উম্মতদের কাহিনী যা তোমাদের উপর তেলাওয়াত করে শোনানো হয়। [তাবারী] আল্লামা শানকীতী বলেন, এখানে কাতারবন্দী, কঠোর পরিচালক ও তেলাওয়াতকারী বলে ফেরেশতাদের কয়েকটি দলকে বুঝানো হয়েছে। কারণ, এ সূরারই অন্যত্র কাতারবন্দী থাকা ফেরেশতাদের গুণ হিসেবে বর্ণিত হয়েছে। বলা হয়েছে, "আর আমরা তো সারিবদ্ধভাবে দণ্ডায়মান এবং আমরা অবশ্যই তাঁর পরিত্রতা ও মহিমা ঘোষণাকারী। [১৬৫–১৬৬]

তাফসীরে জাকারিয়া

(৩) এবং যারা কুরআন আবৃত্তিতে রত--

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3791

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন